

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩২৪

পর্ব-৩: পাক-পবিত্রতা (১ ুটা ্টা)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - যে কারণে উযূ করা ওয়াজিব হয়

আরবী

وَعَن ابْن عَبَّاس قَالَ: أَكَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَتِفًا ثُمَّ مَسَحَ يَده بِمِسْحٍ كَانَ تَحْتَهُ ثُمَّ قَامَ فَصَلَّى. رَوَاهُ أَبُو دَاوُد وَابْن مَاجَه وَأُحمد

বাংলা

৩২৪-[২৫] ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ভেড়ার বাজুর মাংস (মাংস/গোসত) খেলেন, তারপর আপন হাতকে আপন পায়ের তলায় ঘষে মুছে নিলেন, অতঃপর সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতে দাঁড়িয়ে গেলেন, অথচ (নতুন করে) উযূ (ওযু/ওজু/অজু) করলেন না। (আবূ দাউদ ও ইবনু মাজাহ্)[1]

ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ১৮৯, ইবনু মাজাহ্ ৪৮৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা : এ হাদীস থেকে কয়েকটি বিষয় প্রতীয়মান হয়ঃ

- * আগুন দ্বারা পাকানো খাদ্য খেলে উযূ (ওযু/ওজু/অজু) ভঙ্গ হবে না।
- * খাওয়ার পরে হাত ধৌত করা ওয়াজিব নয় বরং তা মুছে নিলেই যথেষ্ট হবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন